# আল-ক্বিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫ : ৩

## আরবি মূল আয়াত:

اَیَحۡسَبُ الۡاِنۡسَانُ اَلَّنۡ نَّجۡمَعَ عِظَامَهٗ ؕ﴿۳﴾

## অনুবাদসমূহ:

মানুষ কি মনে করে যে, আমি কখনই তার অস্থিসমূহ একত্র করব না? — আল-বায়ান

মানুষ কি মনে করে যে, আমি তার হাড়গুলোকে একত্রিত করতে পারব না। — তাইসিরুল

মানুষ কি মনে করে যে, আমি তার অস্থিসমূহ একত্র করতে পারবনা? — মুজিবুর রহমান

Does man think that We will not assemble his bones? — Sahih International

### ৩. মানুষ কি মনে করে যে, আমরা কখনোই তার অস্থিসমূহ একত্র করতে পারব না?

-

তাফসীরে জাকারিয়া

### (৩) মানুষ কি মনে করে যে, আমি তার অস্থিসমূহ একত্র করতে পারব না? [1]

[1] এটা কসমের জওয়াব। এখানে ‘ইনসান’ বলতে কাফের ও নাস্তিককে বুঝানো হয়েছে, যারা কিয়ামতকে বিশ্বাস করে না। কিন্তু তাদের ধারণা ভুল। মহান আল্লাহ অবশ্যই মানুষের সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গকে একত্রিত করবেন। এখানে বিশেষ করে অস্থি বা হাড়ের কথা উল্লেখ করা হয়েছে। কারণ, অস্থিই হল (মানবদেহ) সৃষ্টির মৌলিক কাঠামো।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন